

স্মারক - ০৫.১০.০৯৪৫.০০০.৯৯.০০৪.২৩-

২৫

তারিখ : ১৪/০২/২০২৪ইং।

গণবিজ্ঞপ্তি

যেহেতু আগামী ১৫/০২/২০২৪ তারিখ হতে ২০২৪ সালের এসএসসি, দাখিল ও এসএসসি(ভেকেশনাল) পরীক্ষা লালমোহন উপজেলার লালমোহন মাধ্যমিক বিদ্যালয়, লালমোহন বালিকা মাধ্যমিক বিদ্যালয়, গজারিয়া গার্লস স্কুল এ্যান্ড কলেজ, ধলীগৌর নগর মাধ্যমিক বিদ্যালয়, রমাগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়, লালমোহন সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, লালমোহন ইসলামিয়া কামিল মাদ্রাসা এবং গজারিয়া ইসলামিয়া ফাজিল মাদ্রাসা পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে এবং যেহেতু পরীক্ষা চলাকালীন উক্ত কেন্দ্রসমূহে অবাঞ্ছিত জনসাধারণ, শব্দবর্ধক যন্ত্র ব্যবহার, ফটোকপি ব্যবহারের মাধ্যমে পরীক্ষায় বিঘ্ন সৃষ্টি করা এবং আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোর আশংকা রয়েছে এবং যেহেতু উক্ত অবস্থার আশু প্রতিরোধ ও দ্রুত প্রতিকার বাধ্যনীয় বিবেচনা করে ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি মতে আমার উপর অর্পিত ক্ষমতা বলে ১৪৪ ধারা বলবৎ করা আবশ্যিক ;

সেহেতু আমি মোঃ তৌহিদুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, লালমোহন, ভোলা ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ অনুযায়ী আমার উপর অর্পিত ক্ষমতাবলে পরীক্ষার দিনগুলোতে কেন্দ্রের ২০০ (দুই শত) গজের মধ্যে শুধুমাত্র পরীক্ষার দিন সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকেল ৫.৩০ ঘটিকা পর্যন্ত সময়ের জন্য ১৪৪ ধারা জারী করা হলো।

১৪৪ ধারা জারীকৃত উক্ত অধগলে

- ১। বৈধ প্রবেশাধিকার ছাড়া জনসাধারণের প্রবেশ নিষিদ্ধ ঘোষণা করা হলো।
- ২। পরীক্ষার হলের আশেপাশে, বইপুস্তক ও খাতা কলম সহকারে অবস্থান এবং ঘোরাঘুরি নিষিদ্ধ করা হলো।
- ৩। পরীক্ষা কেন্দ্রের সন্নিহিত এলাকায় পাঁচ বা ততোধিক লোকের একত্রে জটলা, সমাবেশ, মিছিল, মিটিং, পিকেটিং কিংবা লাঠিসহ যেকোন ধরনের অস্ত্র বহন সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হলো।
- ৪। উক্ত এলাকায় শব্দ প্রবেশ করে এমন দূরত্বে মাইক বা শব্দবর্ধক যন্ত্র ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হলো।
- ৫। কেন্দ্রের সন্নিহিত সকল হটবাজার বা লোকালয়ে বাণিজ্যিক ফটোকপিয়ার মেশিনের ব্যক্তিগত বা বাণিজ্যিক ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হলো।

পরীক্ষার্থী এবং পরীক্ষা গ্রহণ কাজে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারী বা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের প্রতি এ আদেশ প্রযোজ্য হবে না।

আমার স্বাক্ষরযুক্ত সীলমোহরে ২০২৪ সালের ১৪ ফেব্রুয়ারি তারিখে এ আদেশ জারী করা হলো।



মোঃ তৌহিদুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
লালমোহন, ভোলা।


তারিখ : ১৪/০২/২০২৪ইং

স্মারক - ০৫.১০.০৯৪৫.০০০.৯৯.০০৪.২৪-

২৫

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক, ভোলা। (সদয় অবগতির জন্য)
- ২। সহকারী কমিশনার(ভূমি), লালমোহন, ভোলা।
- ৩। অফিসার ইন-চার্জ, লালমোহন থানা, ভোলা।
- ৩। কেন্দ্র সচিব(সকল), এসএসসি/এসএসসি ভোকে:/দাখিল পরীক্ষা পরিচালনা কমিটি -২০২৪ লালমোহন, ভোলা।
- ৪। সংরক্ষণ নথি।


উপজেলা নির্বাহী অফিসার
লালমোহন, ভোলা।